

💵 জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ তালকিন ও তৎসংশ্লিষ্ট আলোচনা রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয ইব্ন আব্দুলাহ ইব্ন বায রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন-৪. অমুসলিম মুমূর্ষ্ব ব্যক্তিকে কালিমার তালকিন করা বৈধ?

উত্তর: হ্যাঁ, সম্ভব হলে অমুসলিম ব্যক্তিকেও কালিমার তালকিন করা বৈধ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জনৈক ইয়াহূদী খাদেম মমূর্ষাবস্থায় পতিত হলে, তিনি তাকে দেখতে যান ও তাকে কালিমার তালকিন করে বললেন, বলঃ

« أَشْهَدُ أَنْ لاَإِلَه إلاّ اللهَ وأَنَّ مُحَمَّدَ رَسُوْلُ اللهِ »

"আমি সাক্ষয দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত সত্য কোন ইলাহ নেই এবং মুহাম্মদ আল্লাহর রাসূল"। এ কথা শুনে বালকটি তার পিতা-মাতার দিকে তাকাল, তারা তাকে বললঃ "তুমি আবুল কাসেমের আনুগত্য কর"। এভাবে ইয়াহূদী বালকটি কালিমা পড়ে ইন্তেকাল করে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ "সমস্ত প্রসংশা মহান আল্লাহ তালার জন্যে যিনি আমার মাধ্যমে এ বালকটিকে জাহান্নামের অগুন থেকে মুক্ত করলেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14777

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন